সংবাদ

তারিখ 20.1.83
পৃষ্ঠা 1 কলাম 7

001

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের জরিপের কাজ এগিয়ে চলেছে

বর্তমানে দেশব্যাপী বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের জরিপের কাজ পুরোদমে এগিয়ে চলেছে। জরিপে নিয়োজিত ছাত্র ও শিক্ষকরা ইতিমধ্যে বহু সংখ্যক বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের জরিপ কাজ সমাধা করেছেন।

গত মাসের মাঝামাঝি বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান জরিপের কাজ শুরু হয়। জরিপে ৫১৬ জন এইচ এসসি পাস মেধাবী ছাত্র ও ৭১ জন কলেজ শিক্ষককে নিয়োগ করা হয়। ছাত্ররা কলেজ শিক্ষকদের তত্ত্বাবধানে দেশে প্রায় সাড়ে বার হাজার বেসরকারী স্কুল মাদ্রাসার বর্তমান অবস্থা সম্পর্কে জরিপ এবং প্রায় ১ লক্ষ ৫০

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## বেসরকারী শিক্ষা

(১ম পাতার পর)

হাজার শিক্ষাবিদ ও শিক্ষা পেশায় নিয়োজিত ব্যক্তিদের সম্পর্কে তথ্য ও পরিসংখ্যান সংগ্রহ করবেন। তাদের সংগৃহীত জরিপ তথ্যসমূহ সরকারকে শিক্ষা ব্যবস্থাপনা সংক্রান্ত নীতি নির্ধারণে সাহায্য করবে।

ইতিপূর্বে জরিপে অংশগ্রহণকারী ছাত্র ও শিক্ষকদের এ ব্যাপারে ঢাকা টিচার্স ট্রেনিং কলেজে বৈজ্ঞানিক পদ্ধতিতে প্রশিক্ষণ দেয়া হয়। ছাত্রদেরকে জরিপের ব্যয় নির্বাহের জন্য মাথাপিছু ৫ হাজার টাকা প্রদান করা হবে। খবর সরকারী তথ্য বিবরণীর।